

## সমকালী

### সরকার চাইলে প্রশ্ন ফাঁস বন্ধ করতে পারে: রওশন এরশাদ

১১ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

সংসদে বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ বলেছেন, 'সরকার চাইলেই প্রশ্ন ফাঁস বন্ধ করতে পারে। সরকার পারে না এমন কোনো কাজ নেই। তাহলে কেন প্রশ্ন ফাঁস বন্ধ করছে না? শিক্ষামন্ত্রীকে যদি প্রশ্ন করা হয়, তিনি কী জবাব দেবেন।'

দশম জাতীয় সংসদের ১৯তম অধিবেশনের সমাপনী দিন বুধবার এসব কথা বলেন তিনি।

৭ জানুয়ারি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ভাষণের মধ্য দিয়ে চলতি বছরের প্রথম অধিবেশন শুরু হয়। ৩৫ কার্যদিবসের পুরো অধিবেশনজুড়ে রাষ্ট্রপতির ভাষণের ওপর সাংসদরা আলোচনায় অংশ নেন।

দশম সংসদের ১৯তম অধিবেশন বুধবার সন্ধ্যায় শেষ হয়েছে। চলতি বছরের ৭ জানুয়ারি বছরের প্রথম এই অধিবেশন শুরু হয়। এতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বক্তব্য রাখেন। পুরো অধিবেশনজুড়ে রাষ্ট্রপতির ভাষণের ওপর সাংসদরা আলোচনায় অংশ নেন। বুধবার সন্ধ্যায় অধিবেশনে সমাপনী বক্তব্য পড়ে শোনান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।

এবারের অধিবেশনে প্রশ্ন ফাঁসের ঘটনায় অনেকে সরকারের সমালোচনা করেছেন। শিক্ষামন্ত্রীরও পদত্যাগ দাবি করেছেন কেউ কেউ। শেষ দিনে রওশন এরশাদ প্রসঙ্গটি আবার টেনে আনেন। তিনি বলেন, 'প্রশ্নপত্র ফাঁস যেন লেগেই আছে। বারবার কেন প্রশ্ন ফাঁস হচ্ছে? সৌদি আরব থেকে ফাঁস হওয়া প্রশ্ন সবাইকে জানানো হচ্ছে। এটা বন্ধ হবে কবে? সরকার পারে না এমন কোনো কাজ তো নেই। সরকার কেন এটা বন্ধ করছে না।'

এর কারণে শিক্ষার্থীরা পিছিয়ে যাচ্ছে মন্তব্য করে বিরোধীদলীয় নেতৃ বলেন, সরকার প্রশ্ন ফাঁস বন্ধ করতে না পারলে এর দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দিয়ে দিতে পারে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com